

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪১৯৬

পর্ব ২১: খাদ্য (كتاب الأَطْعَمَة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ أَيُّوبَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أُتِيَ بِطَعَامٍ أَكَلَ مِنْهُ وَبَعَثَ بِفَضْلِهِ إِلَيَّ وَإِنَّهُ بَعَثَ إِلَيَّ يَوْمًا بِقَصْعَةٍ لَمْ يَأْكُلْ مِنْهَا لِأَنَّ فِيهَا ثُومًا فَسَأَلْتُهُ: أَحْرَامٌ هُوَ؟ قَالَ: «لَا وَلَكِنْ أَكْرَهُهُ مِنْ أَجْلِ رِيحِهِ». قَالَ: فَإِنِّي أَكْرَهُهُ مَا كَرِهْتَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪১৯৬-[৩৮] আবু আইয়ুব আল আনসারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য যখনই কোন খাদ্যদ্রব্য আনা হত, তখন তা হতে নিজে খেয়ে অবশিষ্টটুকু আমার কাছে পাঠিয়ে দিতেন। একদিন আমার কাছে এমন একটি পাত্র পাঠিয়ে দিলেন, যা হতে তিনি কিছুই খাননি। কেননা তাতে রসুন ছিল। তখন আমি তাকে জিজ্ঞেস করলাম তা কি হারাম? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না, তবে ওর গন্ধের কারণে আমি ওটা পছন্দ করি না। রাবী (আবু আইয়ুব) বললেনঃ আপনি যা অপছন্দ করেন আমিও তা অপছন্দ করি। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম (২০৫৩)-১৭০, তিরমিযী ১৮০৭, ইরওয়া ২৫১১, মুসনাদে আহমাদ ২৩৫৭২, আল মু'জামুল কাবীর লিহ্ব ত্বারানী ১৯৫৩, সহীহ ইবনু হিব্বান ৫১১০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ “তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একদিন আমার নিকট (খাবারের) পাত্র পাঠালেন, তিনি তা থেকে কিছুই খাননি, কেননা তাতে রসুন ছিল।”

“আমি তাঁকে জিজ্ঞেস করলাম, তা কি হারাম?” অর্থাৎ রসুন অথবা উক্ত খাবার কি হারাম? (فَسَأَلْتُهُ: أَحْرَامٌ هُوَ؟)

ত্বীবী (রহিমাল্লাহ) বলেনঃ প্রশ্ন করা হয়েছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে। কেননা তিনিই তা আবু আইয়ুব (রাঃ)-এর নিকট প্রেরণ করেছিলেন যাতে তিনি তা ভক্ষণ করেন। অতএব তা তার জন্য হারাম নয় এজন্যই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জওয়াবে বললেনঃ না, অর্থাৎ তা হারাম নয়।

(وَلَكِنْ أَكْرَهَهُ مِنْ أَجْلِ رِيحِهِ) “তবে তার দুর্গন্ধের কারণে আমি তা অপছন্দ করি।”

‘আল্লামা নাবাবী (রহিমাল্লাহ) বলেনঃ এ হাদীসে সুস্পষ্টভাবে জানা যায় যে, রসুন খাওয়া বৈধ। তবে যিনি জামা‘আতে উপস্থিত হতে ইচ্ছুক তার জন্য তা ভক্ষণ করা মাকরুহ। অনুরূপভাবে যে বস্তুর দুর্গন্ধ আছে তাহও রসুনের হুকুমের অন্তর্ভুক্ত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদাই তা পরিত্যাগ করতেন, কেননা তার কাছে যে কোন সময় ওয়াহী নাযিলের সম্ভাবনা থাকত।

অত্র হাদীসের শিক্ষা : ১. দুর্গন্ধযুক্ত খাবার খেয়ে জনসম্মুখে যাওয়া মাকরুহ। ২. অতিরিক্ত খাবার গরীব প্রতিবেশীর জন্য প্রেরণ করা মুস্তাহাব।

(মিরকাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৫৩, তুহফাতুল আহওয়ায়ী ৫ম খন্ড, হাঃ ১৮০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74919>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন